

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৫২৩

উদয়পুর, ৩ নভেম্বর, ২০২৩

মাতাবাড়ি দেওয়ালি মেলা ও উৎসব  
অর্থমন্ত্রীর সভাপতিত্বে মাতাবাড়ি রাজ্যে সভা

মাতাবাড়ি রাজ্যের কনফারেন্স হলে আজ আসন্ন মাতাবাড়ি দেওয়ালি মেলা ও উৎসব নিয়ে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহরায়। সভায় অর্থমন্ত্রী দেওয়ালি মেলা ও উৎসবের সার্বিক প্রস্তুতি খতিয়ে দেখেন ও প্রয়োজনীয় পরামর্শ দেন। সভায় অর্থমন্ত্রী জানান, মাতাবাড়ি দেওয়ালি মেলা উৎসবে আগত পুণ্যার্থীদের যাতে কোনও ধরনের অসুবিধার সম্মুখীন হতে না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। তিনি বলেন, এবছর ৩ দিনব্যাপী মাতাবাড়ি দেওয়ালি মেলা ও উৎসব অনুষ্ঠিত হবে। আগামী ১২ নভেম্বর দেওয়ালি মেলা ও উৎসবের উদ্বোধন হবে। সভায় উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি দেবল দেবরায়, বিধায়ক তথা মেলা কমিটির চেয়ারম্যান অভিষেক দেবরায়, উদয়পুর পুরপরিষদের চেয়ারপার্সন শীতল চন্দ্র মজুমদার, গোমতী জেলার জেলাশাসক ও সমাহৰ্তা তড়িৎ কান্তি চাকমা, গোমতী জেলার পুলিশ সুপার নমিত পাঠক ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

\*\*\*\*\*